



ঢাকা ডাকসিটির
হলের নাম :
মহম্মদ মুহসীন

হাজী মহম্মদ মুহসীন হলের (যদিও আম এ বানানটি ব্যবহার করা হয়) একজন আবাসিক ছাত্র হলেও আমি জানি না এ হলের নামের আসল বানান কি। কারণ, হল অফিসের বিভিন্ন কাগজপত্র ও 'সিল' এ হলের নামের বানান বহুরূপে ধারণ করেছে। যেমন হলের প্রবেশদ্বারে লেখা আছে হাজী মহম্মদ মুহসীন হল। আমার অর্ধেকটি সিল এবং জামা নত ঢাকার রিসিডে নাম হাজী মহম্মদ মুহসীন হল, ডাইনিং হল, রিসিডে হাজী মোহাম্মদ মুহসীন হল এবং অন্য একটি সিল এ হাজী মহম্মদ মুহসীন হল বানান ব্যবহার করা হয়েছে। এছাড়াও রয়েছে 'মুহসীন হল'। বিশ্ববিদ্যালয়ের গৃহস্থসংস্থায় যে চিঠির প্যাড বিক্রয় করা হয় তারও নতুন পুরাতন প্যাডে এ হলের নাম ইংরেজীতে দুই রকমের বানানে লেখা হয়েছে। বার বাংলা উচ্চারণ দাঁড়ায় যথাক্রমে হাজী মহঃ (এম ডি) মুহসীন এবং হাজী মহঃ (এমডি) মুহসীন। এমডি দ্বারা কি বুঝানো হয়েছে? যদি 'মহম্মদ' বুঝানো হয় তবে তা লিখতে আপত্তি কোথায়? 'মুহসীন'-এর ইংরেজী বানানে কি এম এর পরে ইউ লেখা যায় না? অবস্থাদেখে মনে হয় হল কর্তৃপক্ষ সঠিক বানানটি জানেন না কিংবা এ ব্যাপারে স্বাধীনভাবে রাজী নন। সর্বোচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে এমনটি কেউ নিশ্চয়ই আশা করেন না। জানি না হাজী মহম্মদ মুহসীন জীবিত থাকলে কোন বানানটি

জনমত

তিনি ব্যবহার করতেন অথবা জীবিতকালস্থায় ব্যবহার করেছেন। আশা করি সংশ্লিষ্ট কর্তৃপক্ষ হলের নামের শুদ্ধ বানানটি (বাংলা ও ইংরেজী) উপহার দিবেন।

মহম্মদ আরদুর রাস্তাক
হাজী মহম্মদ মুহসীন হল
(যদিও নাম) রুম নং ১০০০
ঢাকা বিশ্ববিদ্যালয়।